উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় ঃ অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

তারিখ ঃ ১৪-১০-২০২১

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা বলেন, রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইউজিডিপির অর্থায়নে প্রাপ্ত ডিজিটাল এক্সরে মেশিন এর (CR-x-ray mechine) মাধ্যমে এক্সরে করাতে যে ফিল্ম প্রয়োজন হয় (Konica minolta, dry madical film SD-S-11*14) তা সরকারিভাবে সরবরাহ না থাকায় এক্সরে নিজস্ব অর্থায়নে ক্রয় করিতে হয় বিধায় এই সেবা চালু রাখার লক্ষ্যে প্রতি এক্সরে এর জন্য নির্ধারিত ইউজার ফি (যা সরকারি খাতে জমা হয়) থেকে ১০০ টাকা বেশি হারে নির্ধারণ করা হয়। বাড়তি এই ১০০ টাকা হাসপাতাল ফান্ডে জমা হবে যা পরবর্তীতে এই এক্সরে ফিল্ম ক্রয়ের ক্ষেত্রে ব্যবহৃত হবে। তিনি আরো বলেন, আমাদের দেশে করোনা ভাইরাসের প্রথম পর্যায়ে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। সেকেন্ড ওয়েভ পরিস্থিতিও নিয়ন্ত্রণে রয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৪৬৩২ জন, এর মধ্যে সুস্থ হয়েছে ৪৫৭৭ জন, মোট মৃত্যু ১৯ জন। ৯৯১৩৪ জন করোনো ভ্যাকসিন এর ১ম ডোজ নিয়েছেন এবং ২য় ডোজ নিয়েছেন ৫০০৮২ জন। যারা রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করেছেন তাদের সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। ভ্যাকসিনের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ভ্যাকসিন নেয়ার পাশাপাশি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করতে হবে। অত:পর সেপ্টেম্বর/২১ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |

| ক্র: নং | বিষয় | সংখ্যা/তথ্য |
|---|---|---|
| ১ | কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সেবা | ৪১টি (চালু), সেবাপ্রাপ্ত- পুঃ- ১৪৮৯৩ জন, মহিলাঃ ৩১০৭২জন, মোটঃ৪৫৯৬৫ রেফার্ডঃ- ৪৫৬৯জন। |
| ২ | সিএসবিএ(মাঠ) সেবা | মোট গর্ভবর্তী সেবাঃ ৬৫ জন,প্রসব সেবাঃ ০৪ জন, প্রসবোত্তর সেবাঃ ৬৪জন, নবজাতক সেবা ঃ ৬৪ জন রেফার্ড ঃ ৮জন, সিসিতে ডেলিভারী ঃ ৯ |
| ৩ | হাসপাতাল ইওসি সেবা | এএনসিঃ ৬৩৪জন, রেফার্ডঃ- ০০ জন, জীবিত জন্ম ঃ ৪৬জন, মৃত জন্মঃ- ০, পিএনসিঃ ১০১জন । ভর্তি ঃ ৬৩, নরমাল ডেলিভারী ঃ ৪৬,অন্যান্যঃ ১৯ সিজারীয়ান ডেলিভারীঃ-০, রেফারঃ ০২ |
| ৪ | যক্ষা ও কুষ্ঠ সেবা | মোট রোগীঃ ১১৬ জন, পজেটিভ রোগী ঃ ৫৪জন, নেগেটিভ রোগী ঃ ৩০ জন,ফুসফুস বহির্ভুত ঃ ২৪ জন পুনরায় আক্রান্ত ঃ ৮জন ,কফ পরীক্ষাঃ ৮৯৭জন |
| ৫ | এ আর আই রোগী সেবা | মোট মাঠঃ ১৭০৮জন নিউমোনিয়ানয় ঃ ১৫৫১জন,<br>হাসপাতালঃ ১৫২জন নিউমোনিয়া নয়ঃ১৪৮জন নিউমোনিয়াঃ-০৪জন মারাত্বক নিউমোনিয়াঃ ০০ |
| ৬ | ডায়রিয়া সেবা | মাঠ মোট রোগী ঃ ১৬৮৯জন পানি শূন্যতা নাই ঃ ১৫৩২জন<br>হাসপাতাল মোট রোগীঃ ৫৫জন পানি শুন্যতা নাই ঃ ২১ জন অল্প পানি শূন্যতাঃ ২জন মারাত্বক পানিশূন্যতা ঃ ৩২জন |

M/Masud/378.006.01.2010

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | পরিসংখ্যান | উপজেলা পরিসংখ্যান অফিসার তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভাকে জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরে (৫ম পর্যায়) নিম্নবর্ণিত প্রকল্প সমুহ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হয়।<br>১। করোনা পরবর্তী খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পারিবারিক সবজি ও ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন।<br>২। গবাদী পশু (হাঁস-মুরগীর) টিকাদানকারী সেবাকর্মী প্রশিক্ষণ।<br>৩। ভূমি ব্যবস্থাপনা আইন ও ডিজিটাল ভূমিসেবা বিষয়ক প্রশিক্ষন।<br>৪। বেকার যুবদের জন্য "একটি গ্রাম একজন ইলেকট্রিশিয়ান" তৈরী বিষয়ক প্রশিক্ষণ।<br>৫। বেকারদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে আউটসোর্সিং প্রশিক্ষণ<br>৬। বেকার মহিলাদের কর্মসৃজনের জন্য বাটিক ও ব্লক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরে (৫ম পর্যায়) নিম্নবর্ণিত প্রকল্প সমুহ উপজেলা পরিষদের মাসিক সভায় সর্বসম্মতি ক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রস্তবনা প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার,রূপগঞ্জকে অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ,রূপগঞ্জ এবং সংশ্লিষ্ট সকল |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর উপ-বিভাগীয় প্রকৌশলী, এনএনআইপি উপ-বিভাগ সভাকে জানান, (ক) গোলাকান্দাইলই উনিয়নের জনগনকে জলাবদ্ধতা থেকে রক্ষা করার জন্য এনএনডি (অগ্রনী) সেচ প্রকল্পের বন্যা নিয়ন্ত্রন বাঁধে ১০.০০ কি.মি. এ একটি Sluice Gate নির্মানের জন্য স্থানীয় জনগন কর্তৃক উপজেলা পরিষদে দাবী জনানো হয়। Sluice Gate নির্মানের যাবতীয় খরচ উপজেলা পরিষদ কর্তৃক নির্বাহ করা হবে মর্মে উপজেলা চেয়ারম্যান, রূপগঞ্জ সভাকে অবহিত করেন। কারিগরী সহায়তা হিসেবে পানি উন্নয়ন বোর্ড হতে কেবলমাত্র Sluice Gate নির্মানের ডিজাইন সরবরাহ করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>(খ) তাছাড়া পুরাতন ব্রহ্মপুত্র নদ পুনঃখনন কাজের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, রূপগঞ্জ জানতে চাইলে উপ-বিভাগীয় প্রকৌশলী, এনএনআইপি উপ-বিভাগ,ঢাকাপওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা সভাকে জানান যে, "নরসিংদী জেলায় অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়ি ধোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়ীয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র নদ পুনঃখনন প্রকল্প" টি বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে Delegated Method (অর্পিতকাজ) হিসেবে বাস্তবায়নাধীণ আছে। যথাযথভাবে খননের মাধ্যমে যেন প্রকল্প থেকে কাংখিত সুফল পাওয়া যায় সে বিষয়ে উর্ধ্বতন কর্মকর্তদের মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীকে অবহিত করা হবে। তিনি উপজেলা প্রশাসনকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন।<br>পুরাতন ব্রহ্মপুত্র নদ পুনঃখনন কাজের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার মহোদয়ের আলোচনার প্রেক্ষিতে গত ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, পাউবো, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীণ "২০১৬-১৭ থেকে ২০২১-২২ | (ক)সরকারী খাস/পাউবো অধিগ্রহনকৃত জমিতে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ এর সর্বাত্নক ব্যবস্থা গ্রহন করতে হবে। সরকারী সম্পত্তি উদ্ধার করেত হবে। কৃষিতে উৎপাদন বৃদ্ধি করতে হবে। জলাবদ্ধতা নিরসনকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>(খ) সংশ্লিষ্ট উপজেলা প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড এবং সেনাবাহিনী যৌথ ভাবে পুরাতন ব্রহ্মপুত্র নদ পুনঃখনন কাজের সাইট পরিদর্শন করে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী ড্রেজিং | ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ<br>২। উপ-বিভাগীয় প্রকৌশলী, এনএনআইপি উপ-বিভাগ, ঢাকাপওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা<br>৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা<br>৪। উপজেলা প্রকৌশলী বিভাগ, রূপগঞ্জ<br>৫। প্রকল্প সংশ্লিষ্ট সেনাবাহিনী কর্মকর্তা |

